ক্যাণ্টনমেণ্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যাণ্টনমেণ্ট
ঢাকা
=====

# ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের ০৯-০৩-২০০০ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের বোর্ডসভা ০৯-০৩-২০০০ইং তারিখ বেলা ১১-০০ ঘটিকায় ক্যাণ্টনমেণ্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি, প্রেসিডেন্ট, ক্যাণ্টনমেণ্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা ক্যাণ্টনমেণ্ট। সভায় সদস্যবৃন্দের উপস্থিতি ছিল নিম্নরূপ ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ব্রিগেডিয়ার মোঃ আবদুস সালাম<br>কমান্ড্যান্ট<br>এস ই এম ও<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস | - সদস্য - | অনুপস্থিত |
| (২) | ক্যাপ্টেন কাজী মাহবুব হাসান (সি), পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| (৩) | উইং কমান্ডার এম ইনামুল বারী, পিএসসি<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমান বাহিনী ঘাটি বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য - | অনুপস্থিত |
| (৪) | লেঃ কর্ণেল হামিদ-আল-হাসান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস । | - সদস্য - | উপস্থিত |
| (৫) | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যাণ্টনমেণ্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য - | উপস্থিত |
| (৬) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য - | অনুপস্থিত |
| (৭) | জনাব মোঃ আবু মাসুদ<br>সহকারী কমিশনার ও ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য - | উপস্থিত |

উপরোল্লিখিত বোর্ড সদস্যগণ ব্যতীত নিম্নোক্ত কর্মকর্তা বোর্ডসভায় উপস্থিত ছিলেন ঃ-

(১) মেজর মোঃ আবদুর রশিদ আকন্দ
এস এইচ ও
ঢাকা সেনানিবাস ।

উপস্থিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**প্রস্তাব নং-১ঃ** বিগত ১৮-০১-২০০০ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন ।

**গৃহীত সিদ্ধান্তঃ** বিগত ১৮-০১-২০০০ইং তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনান্তে অনুমোদন করা হইল ।

**প্রস্তাব নং-২ঃ** ঢাকা ক্যাণ্টনমেণ্ট বোর্ডের নভেম্বর'৯৯ এবং ডিসেম্বর'৯৯ইং মাসের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবহিত হওয়া ।

২য় পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নভেম্বর'৯৯ এবং ডিসেম্বর'৯৯ইং মাসের আয়-ব্যয় সম্পর্কিত হিসাব বিবরণী অবহিত হওয়া গেল ।

প্রস্তাব নং-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৯ এবং জানুয়ারি,২০০০ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ডিসেম্বর'৯৯ এবং জানুয়ারি,২০০০ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবহিত হওয়া গেল। স্বাস্থ্য সম্পর্কীয় বিষয়ে আলোচনান্তে আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, ঢাকা সেনানিবাস এলাকায় মশার উপদ্রব ব্যাপকভাবে বৃদ্ধি পাইয়াছে। ঢাকা সেনানিবাসে কার্যকরভাবে মশক নিধন অভিযান পরিচালনার সুবিধার্থে একটি আধুনিক মশক নিধন মেশিন ও প্রয়োজনীয় ঔষধাদি ক্রয়ের জন্য ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার অনুদান বরাদ্দের প্রস্তাব সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-৪ঃ বনানী ডিওএইচএস এলাকার ৭১ নং প্লটে নির্মাণাধীন বাড়ীর বিষয়ে বাড়ীর মালিক লেঃ কর্ণেল মোঃ সামসুল হুদা চৌধুরী (অবঃ) এর ১৬-০২-২০০০ইং তারিখের আবেদনের প্রেক্ষিতে স্টেশন সদর দপ্তরের ১৬-০২-২০০০ইং তারিখের ৭০০/১/ডিওএইচএস/কিউ-৩ নং পত্র এবং ইমারত নির্মাণ উপ-আইন লংঘন করিয়া বাড়ী নির্মাণ করার ব্যাপারে মেজর জেনারেল আব্দুস সালাম,আরসিডিএস,পিএসসি (অবঃ) এর ২৮-০২-২০০০ ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট কাগজপত্রাদি সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনাকালে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার উভয় পক্ষের সংশ্লিষ্ট সকল পত্রাদি সভার সদস্যগণের সম্মুখে উপস্থাপন করেন এবং ১৯২৪ সনের ক্যান্টনমেন্ট এ্যাক্টের ১৮৫ ধারা এবং ১৯৯৪ সালের ইমারত নির্মাণ উপধারা-২৭ এর আলোকে সমস্যাটি সমাধানের জন্য সভায় উপস্থিত সদস্যগণকে অনুরোধ করেন ।

বিষয়টির উপর বিস্তারিত আলোচনাকালে বোর্ডের আইন উপদেষ্টাকে তাঁহার আইনগত মতামত প্রদান করিতে বলা হয় এবং তিনি তাঁহার আইনগত মতামত প্রদান করেন। বিষয়টির উপর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

(ক) সংশ্লিষ্ট নথিদৃষ্টে প্রতীয়মান হয় যে, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের ৩০-৭-৯৮ইং তারিখের পত্র নং-বিডি/এলসি/১৬৩/৭১/১৯৭ এর মাধ্যমে প্রদত্ত ছাড়পত্রের ভিত্তিতে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ৭১ নং বনানী প্লটে নকশা অনুমোদন করা হয় যাহা ক্যান্টনমেন্ট বোর্ডের ১২-০৮-৯৮ইং তারিখের ঢাকাবো/জেনারেল/প্লট নং-৭১/বনানী ডিওএইচএস/৯৯ নং পত্র মারফত অনুমোদন করা হয়। উক্ত অনুমোদিত নকশা মোতাবেক লেঃ কর্ণেল এম সামসুল হুদা চৌধুরী তাঁহার প্লট নং-৭১ বনানী ডিওএইচএস বাড়ী নির্মাণ করিতেছেন বিধায় উক্ত নির্মাণ কাজ অননুমোদিত নির্মাণের পর্যায়ে পড়ে না যেহেতু নির্মাণ কাজটি তাঁহার প্রাপ্ত ১০০'X৭০' জায়গার উপর সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস ছাড়পত্র প্রদান করিয়াছেন।

(খ) উভয় পক্ষকে পারস্পরিক আলোচনার মাধ্যমে গ্রহণযোগ্য সমাধানের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের পত্র প্রাপ্তির ১৫(পনর) দিনের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করিয়া ক্যান্টনমেন্ট বোর্ডকে জানানোর জন্য অনুরোধ করা গেল ।

৩য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৫ঃ বারিধারা ডিওএইচএস এলাকায় অবস্থিত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে একজন হিসাব করণিক-কাম-মুদ্রাক্ষরিক নিয়োগ করা হইয়াছে। উক্ত স্কুলের দাপ্তরিক কাজের প্রয়োজনে ২৪" রোলার বিশিষ্ট একটি বাংলা টাইপ রাইটার মেশিন ক্রয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকায় অবস্থিত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলের দাপ্তরিক কাজের প্রয়োজনে ২৪" রোলার বিশিষ্ট একটি বাংলা টাইপ রাইটার মেশিন যথানিয়মে ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। উক্ত ব্যয় বিদ্যালয়ের নৈমিত্তিক খাত হইতে নির্বাহ করা হউক।

প্রস্তাব নং-৬ঃ অত্র দপ্তরের পানির পাম্প পরিচালনার নিমিত্তে নিয়মিতভাবে পাম্প অপারেটর নিয়োগ না করা পর্যন্ত দৈনিক ১০৫/-(একশত পাঁচ)টাকা মজুরীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে ০১(এক)জন পাম্প অপারেটর নিয়োগের বিষয়টি ঘটনোত্তর অনুমোদনকরণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে পানির পাম্প পরিচালনার নিমিত্তে নিয়মিতভাবে পাম্প অপারেটর নিয়োগ না করা পর্যন্ত দৈনিক ১০৫/-(একশত পাঁচ)টাকা মজুরীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে ০১(এক) জন পাম্প অপারেটর নিয়োগের বিষয়টির ঘটনোত্তর অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-৭ঃ মহাখালী ডিওএইচএস এলাকা সংলগ্ন ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড হইতে ময়লা/আবর্জনা সংগ্রহ করার জন্য উক্ত কোম্পানী গত ২২-০২-২০০০ইং তারিখে অত্র দপ্তরে লিখিতভাবে অনুরোধ করিয়াছেন। উক্ত পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। পত্রটি সভায় উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, ব্রিটিশ-আমেরিকান টোব্যাকো বাংলাদেশ কোম্পানী লিমিটেড হইতে ময়লা/আবর্জনা সংগ্রহ করার নিমিত্তে উক্ত কোম্পানীর সহিত বোর্ডের বৎসরভিত্তিক চুক্তি সম্পাদন হওয়া সাপেক্ষে কনজারভেন্সী সার্ভিস প্রদান করিতে হইবে। এই বিষয়ে ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার উক্ত কোম্পানীর সহিত প্রয়োজনীয় যোগাযোগ করিবেন।

প্রস্তাব নং-৮ঃ সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সম্মুখস্থ ঈদগাহ মাঠের ঘাস কাটা মেশিন চালানোর জন্য দুইজন দক্ষ শ্রমিক এবং নিয়মিত পানি ও ঘাসের পরিচর্যার জন্য আরো দুইজন অদক্ষ শ্রমিক নিয়োগের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিপুল অর্থ ব্যয়ে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদ সম্মুখস্থ ঈদগাহ মাঠের সংস্কার ও উন্নয়নমূলক কাজ সম্পন্ন করা হইয়াছে। গলফ্ মাঠের ন্যায় এই মাঠেও উন্নতমানের ঘাস লাগানো হইয়াছে যাহা কেন্দ্রীয় মসজিদ ও শিখা অনির্বাণের সহিত সামঞ্জস্য রাখিয়া এলাকার সৌন্দর্য্য বৃদ্ধি করা হইয়াছে। প্রায় ৪০,০০০ (চল্লিশ হাজার) বর্গফুট বিস্তৃত এই মাঠে নয়নাভিরাম সবুজ ঘাস সোভিত এই চত্বর সংরক্ষণের জন্য সার্বক্ষণিক পরিচর্যা আবশ্যক। এই প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের বর্তমান জনবল দ্বারা এই মাঠের নিয়মিত পরিচর্যা সম্ভব হইবে না বিধায় ঈদগাহ মাঠের পরিচর্যার জন্য ৪(চার)জন শ্রমিক দৈনিক ৮০/-(আশি) টাকা মজুরীর ভিত্তিতে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল। আরো সিদ্ধান্ত গৃহীত হইল যে, আগামী বাজেটে চারজন মালির স্থায়ী পদ সৃষ্টির প্রস্তাব রাখা হউক।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৯ঃ সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সম্মুখস্থ ঈদগাহ মাঠের ঘাস নিয়মিতভাবে কাটার নিমিত্তে স্থানীয়ভাবে তৈরি ২(দুই)টি ঘাস কাটার মেশিন ক্রয়ের জন্য (২X১৫,০০০'০০) =৩০,০০০/০০(ত্রিশ হাজার)টাকার মূল্যানুমান অনুমোদনকরণ ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবিত বিষয়ের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সম্মুখস্থ ঈদগাহ মাঠের ঘাস নিয়মিতভাবে কাটার নিমিত্তে স্থানীয়ভাবে তৈরী দুইটি ঘাস কাটার মেশিন ক্রয়ের জন্য ৩০,০০০/-(ত্রিশ হাজার)টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। বিষয়টি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

প্রস্তাব নং-১০ঃ শহীদ সাত্তার মার্কেটের ২ নং দোকানের অস্থায়ী এক বৎসরের ইজারা মেয়াদ ১৬-১১-৯৯ তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী বৎসরের জন্য ইজারা নবায়নের ব্যাপারে জনাব আব্দুল হামিদ শিকদার এর ৩০-০১-২০০০ইং তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হইল। আলোচনান্তে জনাব আব্দুল হামিদ শিকদারের নামে অস্থায়ী ভিত্তিতে ইজারা প্রদত্ত শহীদ সাত্তার মার্কেটের ২ নং দোকানের ইজারা মেয়াদ ১৭-১১-৯৯ইং তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ইজারা গ্রহীতা জনাব মোস্তফা জামাল এর দান পত্রের প্রেক্ষিতে তাহার স্ত্রী বেগম রোকেয়া সুলতানার নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে প্রাপ্ত ১৯-০২-২০০০ইং তারিখের আবেদন, সংশ্লিষ্ট কাগজপত্র, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ২৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ইজারা গ্রহীতার প্রদত্ত দান পত্রের ভিত্তিতে তদীয় স্ত্রী বেগম রোকেয়া সুলতানার নামে সংশ্লিষ্ট বাড়ীটির নামজারী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১২ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ইজারা গ্রহীতা কাজী গোলাম গওস এর মৃত্যুর প্রেক্ষিতে তাহার উত্তরাধিকারীগণের নামে নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। এতদ্ব্যাপারে প্রাপ্ত ০৫-১২-৯৯ইং তারিখের আবেদনপত্র, সংশ্লিষ্ট কাগজপত্র, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্র এবং আইন উপদেষ্টার মতামতসহ নথিটি উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ইজারা গ্রহীতা কাজী গোলাম গওস এর মৃত্যুজনিত কারণে তদীয় উত্তরাধিকারীগণের ০৫-১২-৯৯ইং তারিখের নামজারীর আবেদনের উপর আলোচনান্তে উক্ত বাড়ীটি ইজারা গ্রহীতার উত্তরাধিকারী (ক) কাজী সাদরুদ্দীন গওস (খ) কাজী নূরুদ্দীন শাহরিয়ার (গ) বেগম শাকিলা বাকের (ঘ) বেগম শাহিলা কবির (ঙ) বেগম মাসুদা গওস এর নামে নামজারী করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৩ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/১ নং দোকানের অস্থায়ী এক বৎসরের ইজারা ৩১-০১-২০০০ইং তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী বৎসরের জন্য ইজারা নবায়নের ব্যাপারে জনাব মুনসুর আলীর ০৮-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবের উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে জনাব এম মুনসুর আলীর নামে অস্থায়ীভাবে ইজারা প্রদত্ত রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/১ নং দোকানের ইজারা মেয়াদ ০১-০২-২০০০ইং তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/২ নং দোকানের এক বৎসরের অস্থায়ী ইজারা ৩১-০১-২০০০ইং তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী ৫(পাঁচ) বৎসরের জন্য ইজারা নবায়নের ব্যাপারে জনাব এ এইচ এম শাহজাহান এর ২৩-০১-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবের উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে জনাব এ এইচ এম শাহজাহানের নামে অস্থায়ীভাবে ইজারা প্রদত্ত রজনীগন্ধা সুপার মার্কেটের ডি-৮১/২ নং দোকানের ইজারা মেয়াদ ০১-০২-২০০০ইং তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ এ/১৩-১ নং দোকানের এক বৎসরের অস্থায়ী ইজারা ৩১-১২-৯৯ইং তারিখে উত্তীর্ণ হওয়ার প্রেক্ষিতে পরবর্তী ৫(পাঁচ) বৎসরের জন্য ইজারা নবায়নের ব্যাপারে জনাব এম তাজুল ইসলামের ১৪-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে জনাব এম তাজুল ইসলামের নামে অস্থায়ীভাবে ইজারা প্রদত্ত রজনীগন্ধা সুপার মার্কেটের এ-১৩/১ নং দোকানের ইজারা মেয়াদ ০১-০১-২০০০ইং তারিখ হইতে পরবর্তী এক বৎসরের জন্য বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হইল।

প্রস্তাব নং-১৬ঃ জনাব মোঃ কেরামত আলীর নামে বৎসর ভিত্তিক ইজারা প্রদত্ত রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ৮/১১ নং বেকারী দোকানটি ২০(বিশ) বৎসর মেয়াদে ইজারা প্রদানের ব্যাপারে এবং অন্য বেকারীগুলোর বেলায় কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা হইবে এতদ্ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২-০২-২০০০ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/ ১৩০-এ-৪/৭৫ নং পত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটে অস্থায়ী ভিত্তিতে বরাদ্দকৃত চারটি বেকারী দোকান সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ৮/১১ নং দোকানের বরাদ্দ গ্রহীতা জনাব মোঃ কেরামত আলীর আবেদনসহ অন্যান্য আবেদনগুলি পর্যালোচনা করিয়া বিশেষ বিবেচনায় বর্তমান বরাদ্দ মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর হইতে পরবর্তী তিন বৎসরের জন্য চারটি বেকারীর বরাদ্দ মেয়াদ বর্ধিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

প্রস্তাব নং-১৭ঃ ডিওএইচএস মহাখালীস্থ লেকের সাবেক ইজারা গ্রহীতা মেসার্স পুর্ষিপত্র ট্রেডিং কর্পোরেশনের প্রোপাইটার মেজর ইয়াছিন মোল্লা (অবঃ) এর ক্ষতিপূরণ সম্পর্কীয় ১৭-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৬ষ্ঠ পৃঃ দ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ মহাখালী ডিওএইচএস এলাকার লেক ইজারা সংক্রান্ত ব্যাপারে মেসার্স পৃথিপত্র ট্রেডিং কর্পোরেশনের ১৭-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর সভায় আলোচনা করা হইল। আলোচনান্তে বিষয়টি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-১৮ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ এ/৭৯ নং দোকানের ভাড়াটিয়াকে উচ্ছেদ করার ব্যাপারে ইজারা গৃহীতার পক্ষে জনাব মোঃ সিরাজুল হকের ১৬-০২-২০০০ইংতারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত এ/৭৯ নং দোকানের ভাড়াটিয়া উচ্ছেদের ব্যাপারে জনাব মোঃ সিরাজুল হকের ১৬-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে দোকানটি তালাবদ্ধ করিয়া বোর্ডের নিয়ন্ত্রণে আনয়নপূর্বক উদ্ভূত সমস্যাটি নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হইল। পরবর্তীতে দোকানের মালিক উক্ত দোকান ফেরত নিতে চাহিলে তাহাকে বোর্ডে ১০,০০০/-(দশ হাজার)টাকা ফি জমা করিতে হইবে ।

প্রস্তাব নং-১৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকানের জায়গা বরাদ্দের ব্যাপারে জনাব মিলন চন্দ্র মজুমদার এর ০৯-০২-২০০০ইং তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবের উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে বিষয়টি বিবেচনা করা গেল না।

প্রস্তাব নং-২০ঃ গত ২৭-০১-২০০০ইং তারিখে স্থানীয় বিজ্ঞপ্তি মোতাবেক ১০০২টি রিকসা লাইসেন্স প্লেট সরবরাহ করার নিমিত্তে ১৩-০২-২০০০ইং তারিখে প্রাপ্ত মেসার্স হাবিব এন্ড সন্স কোং কর্তৃক প্রদত্ত সর্বনিম্ন (প্রতি প্লেট ৩১/-টাকা) দর অনুমোদনকরণ। এতদ্ব্যাপারে সংশ্লিষ্ট কাগজপত্র সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে মেসার্স হাবিব এন্ড সন্স কোং কর্তৃক প্রদত্ত প্রতি রিকসা লাইসেন্স প্লেট তৈরীর ৩১/-(একত্রিশ)টাকা দর সর্বনিম্ন বিবেচিত হওয়ায় উহা অনুমোদন করা হইল।

প্রস্তাব নং-২১ঃ বারিধারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের নীচু জায়গা এম ই এস (নৌ) দ্বারা মাটি ভরাটের জন্য অতিরিক্ত ১৬,১৫,৫৮৩.৬০(ষোল লক্ষ পনর হাজার পাঁচশত তিরাশি টাকা ষাট পয়সা)টাকা প্রদানের ব্যাপারে পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী(নৌ) এর ০৯-০২-২০০০ইং তারিখের স্মারক নং-৪৪ অব-৯৭-৯৮/১০২/ই-২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বারিধারা ডিওএইচএস এলাকার দ্বিতীয় ধাপের নীচু জায়গায় মাটি ভরাটের জন্য মোট ১,৭০,০০,৬৮১/-(এক কোটি সত্তর লক্ষ ছয়শত একাশি)টাকা পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ)কে প্রদান করা হইয়াছিল। উক্ত প্রকল্পের কাজ চলাকালে ডিপার্টমেন্টাল চার্জ বাবদ ২৮,৯০,১১৫.৬০(আটাইশ লক্ষ নব্বই হাজার একশত পনর টাকা ষাট পয়সা)টাকার সমপরিমাণ মাটি ডিপার্টমেন্টাল চার্জ মওকুফের সিদ্ধান্ত না পাওয়া পর্যন্ত কম ভরাটের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী(নৌ)কে বারংবার অনুরোধ করা সত্ত্বেও ডিপার্টমেন্টাল চার্জ বাবদ সমুদয় অর্থ সংরক্ষণ না করিয়া পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী(নৌ) অতিরিক্ত ১৬,১৫,৫৮৩.৬০(ষোল লক্ষ পনর হাজার পাঁচশত তিরাশি টাকা ষাট পয়সা) টাকার মাটি ভরাট করে। ফলে সরকার কর্তৃক ডিপার্টমেন্টাল চার্জ মওকুফ না ...

৭ম পৃঃদ্রঃ

হওয়ায় ডিপার্টমেন্টাল চার্জ হিসাবে সম্পূর্ণ অর্থ পরিশোধের জটিলতা সৃষ্টি হয়। পূর্ত
পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ) এর ২০-১২-৯৮ইং তারিখের ২০২/বিএন/
ঢাকা-৩০/৩৬/ই-২ নং পত্রের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের তদীয় ২৭-১২-৯৮ইং
তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৮৩/৭২ নং পত্রের মাধ্যমে কোন এলাকায় মাটি কম
ভরাট করা হইবে সেই বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিকট সিদ্ধান্ত
চাওয়া হয়। উক্ত পত্রের অনুলিপি অন্যান্যদের মধ্যে পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী
(নৌ)কেও প্রদান করা হইয়াছিল। কিন্তু সংশ্লিষ্ট বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস
অধিদপ্তরের জন্য অপেক্ষা না করিয়া পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ) ডিপার্টমেন্টাল
চার্জ বাবদ সংরক্ষিত অর্থ হইতে ১৬,১৫,৫৮৩·৬০(ষোল লক্ষ পনর হাজার পাঁচশত তিরাশি
টাকা ষাট পয়সা)টাকার অতিরিক্ত মাটি ভরাট কাজে ব্যবহার করা হইয়াছে। পরবর্তীতে
ডিপার্টমেন্টাল চার্জ মওকুফ না করায় উক্ত খাতে সংরক্ষিত অর্থ সরকারী কোষাগারে জমা
দেওয়ার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী(নৌ)কে অনুরোধ
জানান হয়। কিন্তু পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ) মাটি ভরাট কাজে অতিরিক্ত অর্থ
ব্যয় করিয়া ফেলায় অতিরিক্ত অর্থ চাহিয়া ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট ২৮-১২-৯৯ইং
তারিখে কর্ম নং-৪৪ অব-৯৭-৯৮/৮৪/ই-২ নং পত্র প্রেরণ করেন। উক্ত পত্রটি গত
১৮-০১-২০০০ইং তারিখের ক্যান্টনমেন্ট বোর্ডসভায় উপস্থাপন করা হইলে বোর্ড কর্তৃক
তাহাদের আবেদন বিবেচিত হয় নাই। বোর্ডের সিদ্ধান্তটি ক্যান্টনমেন্ট বোর্ডের ২৫-১-২০০০
ইং তারিখের ঢাক্যাবো/প্রজেক্ট/২৮৩/১৩১ নং পত্রের মাধ্যমে পূর্ত পরিচালক ও প্রধান
প্রকৌশলী (নৌ)কে অবহিত করা হয়। পুনরায় পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী(নৌ)
তদীয় ০৯-০২-২০০০ইং তারিখের কর্ম নং-৪৪ অব-৯৭-৯৮/১০২/ই-২ নং পত্রে
ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করেন যে, ডিপার্টমেন্টাল চার্জের সমপরিমাণ মাটি কম ভরাট
করা হইলে প্রকল্পটি আংশিক অসমাপ্ত থাকিয়া যাইত। ইহাতে সামরিক অফিসারগণের
বহুল প্রতীক্ষিত প্রকল্পটি সুষ্ঠুভাবে চূড়ান্ত নিস্পত্তি করা সম্ভব হইত না বলিয়া
অনিচ্ছাকৃতভাবে মাটি ভরাট করা হইয়াছে। উক্ত পত্রে অব্যয়িত ১২,৭৪,৫৩২/-(বার লক্ষ
চুয়াত্তর হাজার পাঁচশত বত্রিশ)টাকাসহ সর্বমোট ২৮,৯০,১১৫·৬০(আটাইশ লক্ষ নব্বই
হাজার একশত পনর টাকা ষাট)পয়সা)টাকা সরকারী কোষাগারে জমা দেওয়ার জন্য
পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ) ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানান। তাহাছাড়া
বারিধারা ডিওএইচএস এসোসিয়েশনের সদস্য-সচিব তাঁহার ০১-০৩-২০০০ইং তারিখের
পত্রে ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করেন যে, পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ)
কর্তৃক ডিপার্টমেন্টাল চার্জ বাবদ সংরক্ষিত অর্থ হইতে ২৮,৯০,১১৫·৬০ টাকার সমপরিমাণ
মাটি বেশী ভরাট করায় সংশ্লিষ্ট এলাকার সামগ্রিক উন্নয়ন সাধিত হইয়াছে। উক্ত মাটি
কম ভরাট করা হইলে বারিধারা ডিওএইচএস এর উন্নয়নে তাহা পরবর্তীতে ভরাট করিতে
হইত এবং ইহাতে ব্যয় বৃদ্ধি পাইত। এমতাবস্থায়, ডিওএইচএস বারিধারার উন্নয়নে
ব্যয়িত অতিরিক্ত ২৮,৯০,১১৫·৬০ টাকা বিশেষ বিবেচনাপূর্বক পূর্ত পরিচালক ও প্রধান
প্রকৌশলী(নৌ)কে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত এসোসিয়েশনের সদস্য-সচিব তদীয়
পত্রে ক্যান্টনমেন্ট বোর্ডকে অনুরোধ জানাইয়াছেন। বোর্ডসভা বিষয়টির উপর গুরুত্বসহকারে
বিস্তারিত আলোচনা করে এবং এই রকম একটি গুরুত্বপূর্ণ সরকারী আর্থিক বিষয়ে পূর্ত
পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ) এর আরও গুরুত্ব প্রদানের প্রয়োজন ছিল বলিয়া
মত প্রদান করে। উক্ত বিষয়ে সৃষ্ট জটিলতা এড়ানোর লক্ষ্যে এবং অতিরিক্ত ব্যয়িত অর্থ
বারিধারা ডিওএইচএস এলাকার উন্নয়নে ব্যয় হইয়াছে বলিয়া বোর্ড বিশেষ বিবেচনায়
অতিরিক্ত ব্যয়িত ১৬,১৫,৫৮৩·৬০(ষোল লক্ষ পনর হাজার পাঁচশত তিরাশি টাকা ষাট
পয়সা)টাকা পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (নৌ)কে প্রদানের ব্যাপারে সামরিক ভূমি
ও সেনানিবাস অধিদপ্তরকে অনুরোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করে ।

৮ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২২ঃ বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদ সংলগ্ন নীচু জায়গায় মাটি ভরাটের ব্যাপারে জি ই (নেভী) এর ২১-১২-৯১ইং তারিখের সিইএন/১৬-অব-৯৮-৯১/৪২/ই-৬ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ বারিধারা ডিওএইচএস এলাকার মসজিদ সংলগ্ন নীচু জায়গায় মাটি ভরাট করার ব্যাপারে জি ই (নেভী) এর পত্রটি বোর্ডসভায় আলোচনা হইল। আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হইল যে, উক্ত পত্রের সহিত সংশ্লিষ্ট কাজের জন্য কত টাকা ব্যয় হইয়াছে তাহা উল্লেখ নাই বিধায় ব্যয় উল্লেখসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য জি ই (নেভী)কে অনুরোধ জানানো হউক।

প্রস্তাব নং-২৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন কাজের জামানতের টাকা ফেরত দেওয়ার ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৪-১২-৯১ইং তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/ ১৫৪-৪/শা-৮/২১ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। ফেরতযোগ্য জামানতের তালিকা সভায় উপস্থাপন করা হইল ।

গৃহীত সিদ্ধান্তঃ সংশ্লিষ্ট পত্রের উপর সভায় আলোচনা হইল। এখন হইতে সংশ্লিষ্ট প্রকল্পের দায়িত্বে নিয়োজিত প্রকৌশলী ও ক্যান্টনমেন্ট ইঞ্জিনিয়ার যৌথভাবে প্রকল্প সমাপ্তির ১(এক) বৎসর পর সম্পাদিত কাজটি গুণগতমানের দিক দিয়া যথাযথ ও এবটিমুক্ত আছে বলিয়া প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে। উক্ত প্রত্যয়নপত্র প্রাপ্তির পর বোর্ডসভার অনুমোদনক্রমে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক প্রকল্পের বিপরীতে রক্ষিত জামানতের টাকা ফেরত প্রদান করা হইবে। সভায় উপস্থাপিত ফেরতযোগ্য নিম্নেবর্ণিত ৬(ছয়)টি প্রকল্পের জামানতের তালিকার উপর আলোচনান্তে উহা ফেরত প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ফার্ম/ঠিকাদারের নাম |
|---|---|---|
| (১) | মহাখালী ডিওএইচএস এলাকার নিরাপত্তা বাতি পুনঃস্থাপনকরণ | মেসার্স হাবিব এন্ড সন্স কোং |
| (২) | বারিধারা ডিওএইচএস এলাকার বারিধারা সংযোগ সড়কে নিরাপত্তা বাতি স্থাপন। | দি ইউনিক ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস |
| (৩) | শহীদ সরণীর সেনাসদরের সম্মুখের আইল্যান্ডের পশ্চিমপার্শ্বের রাস্তা মেরামত ও সীলকোটকরণ। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকায় পার্কের ফুটপাত সম্প্রসারণকরণ। | মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার ৭ নং রোডের পূর্বপার্শ্বে পার্ক মেরামতকরণ । | মেসার্স আমিন ব্রাদার্স |
| (৬) | মহাখালী ডিওএইচএস এলাকায় বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুলের প্রবেশ পথ কার্পেটিংকরণ। | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন |

৯ম পৃঃদ্রঃ

প্রস্তাব নং-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পের মূল্যানুমান অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার প্রথম ধাপের নীচু প্লটসমূহে মাটি ভরাটকরণ। | = | ২০,৮৩,৪৬৯/-টাকা |
| (২) | বারিধারা ডিওএইচএস এলাকার নাম নির্দেশিকা সাইন বোর্ড তৈয়ার ও স্থাপনকরণ। | = | ৪,৪৭০/- " |
| (৩) | ঈদগাহ ময়দানের চর্তুদিকে হ্যালোজেন লাইট স্থাপনকরণ। | = | ৮৪,১৭৮/- " |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার উত্তর প্রান্তে সংযোগ সড়কে বাউন্ডারী ওয়াল সম্প্রসারণকরণসহ গেইট এবং সিকিউরিটি বক্স নির্মাণকরণ। | = | ২,৯৫,০০০/- " |
| (৫) | মহাখালী ডিওএইচএস এলাকার প্রধান সড়ক রাওয়া ক্লাব হইতে লেন নং-২১ পর্যন্ত উভয়পার্শ্বে ২'-৬" প্রশস্থকরণ। | = | ৬,৪৮,৭০০/- " |
| (৬) | বনানী ডিওএইচএস এলাকার ইর্কার্গ রোডের প্রবেশ পথের মুখে সৈনিক ক্লাবের নিকট গেইট নির্মাণকরণ। | = | ৩৪,১২০/- " |

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পগুলির মূল্যানুমানের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে ক্রমিক নং-১ ব্যতিত বাকী ৫টি প্রকল্পসমূহের মূল্যানুমানগুলি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক। ক্রমিক নং-১টি ব্যাপারে বিস্তারিত তথ্য সংগ্রহ করতঃ পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার জন্য বলা হইল।

প্রস্তাব নং-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের সর্বনিম্ন দর অনুমোদনকরণ ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯৫ অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর |
|---|---|---|---|---|
| (১) | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ বিভিন্ন রাস্তার পানির লাইন পরিবর্তন ও মেরামতকরণ। | এমইএস সিডিউল = ৪,০১,৫৪৪/-টাঃ<br>নন-সিডিউল = ৩৯,০০০/-"<br>= ৪,৪০,৫৪৪/-টাঃ | মেসার্স বি এম ট্রেডার্স | ১৮%উর্ধ্বে<br>নন-সিডিউল ৪৩,৩৫০/-টাকা |
| (২) | বারিধারা ডিওএইচএস এলাকার ২ নং লেন মেরামতকরণ | = ১৩,৫৪৮/-টাঃ | মেসার্স বি এম ট্রেডার্স | ২০%উর্ধ্বে |
| (৩) | বারিধারা ডিওএইচএস এলাকার ৩ নং লেন মেরামতকরণ। | = ৪৬,১৬৫/-টাঃ | মেসার্স বি এম ট্রেডার্স | ২০%উর্ধ্বে |
| (৪) | স্বাধীনতা সরণীতে স্থায়ী রোড ডিভাইডার স্থাপনের মাধ্যমে রিকসাওয়ে নির্মাণকরণ | = ১,৭৭,৫০০/-টাঃ | মেসার্স বাহার ট্রেডিং ইন্টারন্যাশনাল | ৩১.৫০% উর্ধ্বে |

১০ম পৃঃদ্রঃ

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত প্রকল্পগুলির সর্বনিম্ন দরের ব্যাপারে বোর্ডসভায় বিস্তারিত আলোচনা হয়। এখানে উল্লেখ্য যে, উল্লিখিত ক্রমিক নং-১(এক) হইতে ৪(চার)টি কাজ সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর আলোচনার জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রাখিয়া ক্রমিক নং-১ হইতে ৪ এর সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। প্রস্তাবিত কাজসমূহের নিম্নবর্ণিত দর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। ক্রমিক নং-১ হইতে ৪টি কাজ বোর্ড সভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ সম্পন্ন করিতে সম্মত থাকিলে তাহাদের নিকট হইতে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হউক ঃ-

(১) এম ই এস সিডিউল ১০%(দশ) উর্ধ্ব দর অনুমোদিত এবং নন-সিডিউল ৭৩,৩৫০/- (তিয়াত্তর হাজার তিনশত পঞ্চাশ)টাকা অনুমোদিত।

(২) ২০%(বিশ) উর্ধ্ব দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

(৩) ২০%(বিশ) উর্ধ্ব দর (ঠিকাদার কর্তৃক প্রদত্ত) অনুমোদিত।

(৪) ২৩%(তেইশ) উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত প্রকল্পগুলি সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত এবং পি সি বি কর্তৃক অনুমোদিত সর্বনিম্ন দর ঘটনোত্তর অনুমোদনকরণঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ১৯৯৫ইং অনুযায়ী | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | ভেটিংকৃত দর |
|---|---|---|---|---|---|
| (১) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর প্রান্তে 'বি' ও 'সি' ব্লকের মধ্যবর্তী রাস্তাটি ড্রেনসহ পি সি সি করণ। | =৫,৫২,১৬৩/-টাঃ | মেসার্স ভূঁইয়া কনস্ট্রাকশন | ২৮.৫০%উর্ধ্বে | ২২%(বাইশ) উর্ধ্বে |
| (২) | সেনানিবাস বাজার এলাকার ৯১ নং বাড়ীর মেরামত ও ৩য় তলায় একটি কক্ষ নির্মাণ। | =১,৪৬,২৪৬/-টাঃ | মেসার্স ইরা এন্টারপ্রাইজ | ২৭%উর্ধ্বে | ২০%(বিশ) উর্ধ্বে |

গৃহীত সিদ্ধান্তঃ উপরোল্লিখিত প্রকল্পগুলির সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হইল। বোর্ডের কারিগরী সদস্য সি এম ই এস (আর্মি) সভাকে অবহিত করেন যে, বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সহিত সামঞ্জস্য রাখিয়া প্রকল্পগুলির সর্বনিম্ন দর নির্ধারণ করা হইয়াছে। সি এম ই এস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত এবং পি সি বি কর্তৃক অনুমোদিত নিম্নোক্ত সর্বনিম্ন দরসমূহ সভায় সর্বসম্মতিক্রমে ঘটনোত্তর চূড়ান্ত অনুমোদন করা হইল ঃ-

(১) ২২%(বাইশ) উর্ধ্ব দর অনুমোদিত

(২) ২০%(বিশ) উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-২৭ঃ বিবিধ।

(ক) ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর সম্প্রসারিত নতুন ভবনের অতিথিকক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের নিমিত্তে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার)টাকার মূল্যানুমানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

১১তম পৃঃদ্রঃ

(খ) রজনীগন্ধা সুপার মার্কেটের ৬৭ নং দোকানের ২য় তলায় এসি লাইন নেওয়ার অনুমতি চাহিয়া মেজর (অবঃ) ডাওলর মোঃ জমির উদ্দিন ০৫-০৩-২০০০ইং তারিখে আবেদন করিয়াছেন। উক্ত আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(গ) বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা কার্পেটিংকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬-০৩-২০০০ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১২-১০/শা-৮/৫৩ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঘ) ডিওএইচএস বারিধারা এলাকায় নির্মিত ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল পরিচালনা প্রসংগে ডিওএইচএস বারিধারা এসোসিয়েশনের এডহক কমিটির সহ-সভাপতি এর ০৭-০৩-২০০০ইং তারিখের পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। সংশ্লিষ্ট পত্রটি সভায় উপস্থাপন করা হইল।

(ঙ) বারিধারা ডিওএইচএস এলাকার ২য় ধাপের বরাদ্দকৃত প্লটের সম্মুখের ইটেরসলিং রাস্তা নির্মাণের জন্য অত্র দপ্তরের ০২-০১-২০০০ইং তারিখের ঢাক্যাবো/এলএ/৭৬/৪/৪৯ নং পত্রের মাধ্যমে মেসার্স এ কে কনষ্ট্রাকশনকে কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশের ১৭-০১-২০০০ইং তারিখে কাজ আরম্ভ করিয়া ১৭-০৪-২০০০ইং তারিখে সম্পন্ন করার সময় নির্ধারণ করা ছিল। সংশ্লিষ্ট ঠিকাদার যথাসময়ে রাস্তা নির্মাণ কাজ আরম্ভ না করায় অত্র দপ্তরের ১০-০২-২০০০ইং তারিখের ঢাক্যাবো/এলএ/৭৬/৪/৫৬ নং পত্রে কাজটি আরম্ভ করার জন্য তাগিদ দেওয়া হয়। ইহার প্রেক্ষিতে সংশ্লিষ্ট ঠিকাদার ১০/১২ ট্রাক মাটি ফেলিয়া কাজ বন্ধ রাখে। উক্ত প্রেক্ষিতে কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে অত্র দপ্তরের ০১-০৩-২০০০ইং তারিখের ঢাক্যাবো/এলএ/৭৬/৪/৫৯ নং পত্রে সংশ্লিষ্ট ঠিকাদারকে শেষবারের মত সতর্ক করা হয় যে, পত্র প্রাপ্তির সংগে সংগে প্রকল্পটির কাজ আরম্ভ করিয়া নির্ধারিত সময়ের মধ্যে শেষ করিতে না পারিলে দরপত্রের সহিত দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ ফার্মের বিরুদ্ধে যথানিয়মে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে। সংশ্লিষ্ট ঠিকাদার উক্ত পত্র প্রাপ্তির পর কার্যাদেশে বর্ণিত ৯টি রাস্তা অর্থাৎ ৩০৮৮.০০ফুট দৈর্ঘ্য রাস্তার আনুমানিক ১০% কাজ সম্পন্ন করিয়াছে। উপরোক্ত অবস্থার আলোকে প্রতীয়মান হইতেছে যে, সংশ্লিষ্ট ঠিকাদার নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটির কাজ সম্পন্ন করিতে পারিবে না। সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

গৃহীত সিদ্ধান্তঃ

(ক) বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড বিল্ডিং নং-৭ (সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর) এর সম্প্রসারিত নতুন ভবনের অতিথিকক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের নিমিত্তে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল। চূড়ান্ত অনুমোদনের জন্য বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হউক ।

(খ) বিষয়টির উপর সভায় আলোচনা হইল। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ৬৭ নং দোকানের ২য় তলায় নিজস্ব ব্যয়ে এ সি লাইন নেওয়ার অনুমতি প্রদানের বিষয়টি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হইল।

(গ) বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন রাস্তা কার্পেটিংকরণের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৬-০৩-২০০০ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩১২-১০/শা-৮/৫৩ নং পত্রটি বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার যে সমস্ত রাস্তায় অন্তঃত শতকরা ৬০ (ষাট) ভাগ বাড়ী নির্মাণ করা হইয়াছে ঐসমস্ত রাস্তা কার্পেটিং করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল ।

১২তম পৃঃদ্রঃ

ঃ-১২-ঃ

(ঘ) ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট বিষয়ে পরবর্তীতে কার্যক্রম গ্রহণ করা হইবে ।

(ঙ) বিষয়টির উপর বোর্ডসভায় বিস্তারিত আলোচনা হইল। আলোচনান্তে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হইল যে, যদি সংশ্লিষ্ট ঠিকাদার ৩০শে মার্চ, ২০০০ইং তারিখের মধ্যে কার্যাদেশে বর্ণিত কাজ শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ সম্পন্ন করিতে না পারে তাহা হইলে সংশ্লিষ্ট কাজের জন্য ঠিকাদার কর্তৃক জমাকৃত জামানত বাজেয়াপ্তসহ ঠিকাদারী তালিকাভুক্তি বাতিল করার ব্যবস্থা নেওয়া হউক ।

অদ্যকার সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনান্তে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

৭/৩/২০০০
(শফিক আলম মেহেদী)
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট।
০৭/৩/২০০০

৭-৩-২০০০
(কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস ।